# শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর একাডেমিক কাউন্সিল এর ২য় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মো: আব্দুল করিম এনডিসি**<br>সভাপতি, একাডেমিক কাউন্সিল<br>ও মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| সভার তারিখ ও সময় | : | ২৪ আগস্ট ২০২১ খ্রি.; সকাল ১১:০০ ঘটিকা |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-ক |

সভাপতি, সভার প্রারম্ভে একাডেমিক কাউন্সিল সদস্যগণকে স্বাগত জানান। অতঃপর তিনি শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রতিষ্ঠার পটভূমি, সংক্ষিপ্ত পরিচিতি এবং ইনস্টিটিউট এর হালনাগাদ অবস্থান সম্পর্কে সভাকে সংক্ষেপে অবহিত করেন। তিনি বলেন, দেশের উন্নয়ন কর্মকান্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে যুবদের আত্মকর্মসংস্থান এবং তাদের মেধা ও মননশীলতার বিকাশে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের জন্য ১৯৮০ সালে ঢাকাস্থ সাভারে যুব প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠিত হয়। ১৯৯৮ সালে এই কেন্দ্রের জমি এবং অবকাঠামোতেই যুবদের প্রতিভা বিকাশ ও ক্ষমতায়নের লক্ষ্যে আধুনিক প্রশিক্ষণ এবং অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতিতে "শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র" প্রকল্প হিসেবে যাত্রা শুরু করে।

প্রকল্পটির মেয়াদ ২০০৬ সালের জুন মাসে শেষ হয়। এরপর থোক বরাদ্দ থেকে প্রাপ্ত অর্থ দ্বারা শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের বিভিন্ন কার্যক্রম সীমিত পরিসরে পরিচালিত হয়। ২০১৪ সালের ডিসেম্বর মাসে মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ বিবেচনায় জনবলসহ কেন্দ্রটি রাজস্বখাতে স্থানান্তরিত হয়।

শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের কার্যক্রমকে যুগোপযোগী ও গতিশীল করার লক্ষ্যে "শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র শক্তিশালী ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পটি মার্চ ২০১৫ এ শুরু হয়ে জুন ২০২১ এ সমাপ্ত হয়।

সভাপতি সভাকে অবহিত করেন যে, দেশের সম্ভাবনাময় যুবদের প্রশিক্ষণ ও উদ্বুদ্ধকরণের মাধ্যমে ক্ষমতায়ন এবং দেশ ও জাতির সার্বিক উন্নয়ন ও গঠনমূলক কর্মকান্ডে বৃহৎ পরিসরে যুবদের নিয়োজিত করার নিমিত্ত গবেষণা, উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করার উদ্দেশ্যে **'শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন, ২০১৮'** প্রণীত হয়। এ আইনের ধারা-০৩ অনুযায়ী শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। ইনস্টিটিউটকে CENTRE OF EXCELLENCE হিসেবে প্রতিষ্ঠাকল্পে স্বতন্ত্র জমি ও অবকাঠামোসহ যুগোপযোগী জনবল কাঠামো সৃষ্টির কার্যক্রম এগিয়ে চলছে। ইতোমধ্যে অস্থায়ীভাবে ৪৫টি পদ সৃজিত হয়েছে। ইনস্টিটিউটের কার্যক্রম ত্বরান্বিত করতে "শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্মচারী চাকরি প্রবিধানমালা ২০২১" প্রনীত হয়েছে। এছাড়াও মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়ের ৩.৩৮ একর জমি ইনস্টিটিউটের অনুকূলে হস্তান্তরের প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে রয়েছে। তিনি সভাকে জানান যে, ইতোমধ্যে ইনস্টিটিউট এর অনুকূলে রাজস্বখাতে সরকার হতে বাজেট বরাদ্দও পাওয়া গেছে।

অত:পর তিনি একাডেমিক কাউন্সিল সদস্যমন্ডলীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম পরিচালনা করেন।

| | |
|---|---|
| ০১. | **আলোচ্য বিষয়: ১ম সভার কার্যবিবরণী অনুমোদন;**<br>সভাপতি জানান যে, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের একাডেমিক কাউন্সিলের ১ম সভা বিগত ২৫-০৭-২০১৯খ্রিঃ তারিখ শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। ১ম সভার কার্যবিবরণীর সফট কপি অবগতির জন্য সম্মানিত সদস্য মন্ডলীর নিকট প্রেরণ করা হয়েছে মর্মে তিনি জানান। তিনি গত সভার কার্যবিবরণীটি সভায় পাঠ করে শুনান। তিনি প্রস্তাব করেন যে, উক্ত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকলে কার্যবিবরণীটি অনুমোদন করা যেতে পারে।<br>**সিদ্ধান্ত :** কোনরূপ সংশোধনী না থাকায় ১ম সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |

| | |
|---|---|
| ০২. | **আলোচ্য বিষয়: স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোর্সের পাঠক্রম (কারিকুলাম) নির্ধারণ;** |

সভাপতি সভাকে অবহিত করেন যে, একাডেমিক কাউন্সিল এর ১ম সভায় গৃহীত সিদ্ধান্ত গত ১৮ জুলাই ২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত নির্বাহী কাউন্সিলের সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। উক্ত সভায় ০৩টি অনুষদ এবং ১১টি ডিপার্টমেন্ট এর মাধ্যমে একাডেমিক, ডিপ্লোমা এবং বিভিন্ন মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার বিষয়ে একাডেমিক কাউন্সিলের সুপারিশ তুলে ধরা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অত:পর বিশেষজ্ঞ প্রতিনিধি এবং কাউন্সিল সদস্যগণের অন্তর্ভূক্তিতে ওয়ার্কশপের মাধ্যমে কারিকুলাম প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং আপাতত অতি প্রায়োগিক কয়েকটি স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোর্স পরিচালনারও সিদ্ধান্ত গৃহীত হয়।

একাডেমিক কাউন্সিলের সভাপতি মহোদয় ১ম সভার প্রস্তাবিত ২৬টি কোর্স বিষয়ে আলোকপাত করেন। সে প্রেক্ষিতে কাউন্সিলের সম্মানিত সদস্য জনাব মোঃ আবুল বাশার, পরিচালক, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা ইনস্টিটিউটের স্বল্প মেয়াদী প্রশিক্ষণের বিষয় নির্ধারণে সময়োপযোগী, প্রায়োগিক, দেশের অর্থনৈতিক কর্মকান্ডে সরাসরি অবদান রাখতে পারে এবং জাতীয় ও আন্তর্জাতিক জব মার্কেটে প্রবেশের সুযোগ তৈরীর বিষয়গুলো মাথায় রেখে কোর্স ডিজাইন করার পরামর্শ প্রদান করেন। এছাড়াও Need Based Training Option বাদ দেয়ার পরামর্শ দেন। প্রশিক্ষিত যুবদের স্বল্প সুদে ঋণের সুযোগ সৃষ্টি করার পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেন। স্বল্পমেয়াদী প্রশিক্ষণ যুবদের বেকার সমস্যা দূরীকরণ ও অর্থনৈতিক কর্মকান্ডে অধিকতর ভূমিকা রাখবে বলে মতামত দেন। যেহেতু সাভার এলাকাটি গার্মেন্টস অধ্যুষিত অঞ্চল সেহেতু গার্মেন্টসে কাজ করার সুযোগ তৈরী করার লক্ষ্যে (১) Knitwear (২) Sewing (৩) Dyeing বিষয় সংযুক্ত করার পরামর্শ দেন।

সম্মানিত সদস্য জনাব মোহাম্মদ এনামুল কবির, পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল দেশের তরুণদের তাদের স্ব স্ব এলাকায় যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণে কারিগরি কাজের উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার জন্য ১ম সভায় প্রস্তাবিত Hardware Maintenance & Trouble shooting কোর্সটির সাথে Entrepreneurship Development বিষয় সম্পৃক্ত করে একটি কোর্স পরিচালনার পরামর্শ প্রদান করেন। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের সুবাদে সমগ্রদেশে আইসিটি অবকাঠামো তৈরী ও ব্যাপকভাবে ব্যবহৃত হবার ফলে আইসিটি যন্ত্রপাতি ও অবকাঠামো রক্ষণাবেক্ষণের ব্যাপক চাহিদা মেটাতে এ উদ্যোগ বাস্তবায়নে তিনি জোর সুপারিশ করেন। এছাড়া তিনি যুবকদের জন্য আয়োজিত সকল কোর্সে আবশ্যিক মডিউল হিসেবে 'নৈতিকতা' বিষয়ক মডিউল অন্তর্ভুক্ত করার পরামর্শ প্রদান করেন।

সম্মানিত সদস্য জনাব মোঃ জাহাঙ্গীর আলম, পরিচালক, কারিগরী শিক্ষা অধিদপ্তর উল্লেখ করেন যে, স্বল্পমেয়াদী প্রশিক্ষণসমূহ আন্তর্জাতিক মানদন্ডের হওয়া প্রয়োজন যা দেশে ও বিদেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে। তিনি আরও বলেন যে, বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক (BNQF) এবং BRAC এর প্রশিক্ষণ মডেল অনুসরণ করা যেতে পারে।

সম্মানিত কাউন্সিলর প্রকৌ. ফরিদ উদ্দিন আহম্মেদ, পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোর্সে Care giver বিষয়ক প্রশিক্ষণ কোর্স সংযুক্ত করার পরামর্শ দেন। এছাড়াও Apprenticeship আইনকে কার্যপোযোগী করার জন্য তাগিদ দিয়ে বলেন, প্রতিষ্ঠানে অর্জিত জ্ঞান ও দক্ষতা পূর্ণতা পায় শিল্প কারখানার সাথে সম্পৃক্ত হওয়ার মাধ্যমে। কিন্তু আমাদের দেশে এ আইন থাকলেও বাস্তবে কার্যকারিতা নাই। শিল্প কারখানার মালিকদের প্রনোদনা ও Motivation এর মাধ্যমে এবং কিছু বাধ্যবাধকতার মাধ্যমে এই আইন কার্যকর করা দেশের বেকার সমস্যা ও উন্নয়নের জন্য জরুরী।

সম্মানিত কাউন্সিলর জনাব মাসুদা আকন্দ, পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর Care giver কোর্সটিতে Communicative English বিষয় সম্পৃক্ত করার পরামর্শ দেন এবং কোর্সগুলো পরিচালনার ক্ষেত্রে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) এর প্রশিক্ষণ নীতি মোতাবেক অন্তত ৩৬০ ঘন্টা করার পরামর্শ দেন।

সম্মানিত কাউন্সিলর প্রফেসর ড. মোঃ আনিসুজ্জামান তালুকদার, ইলেকট্রিক্যাল এন্ড ইলেট্রনিকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা অত্র ইনস্টিটিউটকে Centre of Excellence হিসেবে তৈরী করতে ইনস্টিটিউটের ভিশন ঠিক করার উপর গুরুত্ব আরোপ করেন এবং সে অনুযায়ী পদেক্ষেপ গ্রহণ করার জন্য পরামর্শ দেন।

সম্মানিত সদস্য প্রফেসর বশির আহমেদ, সরকার ও রাজনীতি বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর বিদ্যমান আইন কার্যকর করার জন্য প্রয়োজনীয় বিধি প্রণয়নের পরামর্শ প্রদান করেন একই সংগে উচ্চ শিক্ষা পরিচালনায় ইনস্টিটিউটের কর্তৃত্ব ও ক্ষমতা নির্ধারণের উপর গুরুত্ব আরোপ করেন।

সম্মানিত সদস্য ড. এস.এম. জাহেদুল ইসলাম চৌধুরী, রিসার্চ ফেলো, বাংলাদেশ ইনস্টিটিউট অফ ডেভেলপমেন্ট স্টাডিজ (BIDS), স্বল্পমেয়াদী প্রশিক্ষণের মধ্যে " Small Business and Entrepreneurship Development" প্রশিক্ষণটি অধিকতর গুরুত্ব দেয়ার পরামর্শ দেন। এছাড়াও দেশের বিভিন্ন সেক্টরে দক্ষ জনশক্তির ঘাটতি আছে। সেই বিষয়টি বিবেচনায় রেখে প্রয়োজনীয় সিলেবাস/কারিকুলাম প্রণয়ন করার পরামর্শ দেন।

সম্মানিত সদস্য জনাব মোঃ কামরুজ্জামান, পরিচালক (দক্ষতামান ও পাঠ্যক্রম), জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ স্বল্পমেয়াদী প্রশিক্ষণে NSDA এর স্ট্যান্ডার্ড কারিকুলাম ফলো করার পরামর্শ দেন। শিল্প দক্ষতা পরিষদ NSDA কে যে চাহিদা দিয়েছে সেটা সংগ্রহ করে সেটা দেখে প্রশিক্ষণ ট্রেড বাছাই করার পরামর্শ দেন।

সম্মানিত সদস্য ডাঃ মোঃ জহিরুল ইসলাম, উপ-সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রফেসর বশির আহমেদ ১ম সভার প্রস্তাবিত ২৬টি প্রশিক্ষণের মধ্য হতে ২২টি বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের পরামর্শ দেন। এছাড়াও (১) Milk Processing (২) Occupational Therapy (৩) Physio Therapy বিষয়সমূহ অন্তর্ভূক্ত করার প্রস্তাব দেন। একাডেমিক কাউন্সিলের সম্মানিত সদস্যবৃন্দ সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত স্বল্পমেয়াদী কোর্সসমূহ পরিচালনার পক্ষে মতামত ব্যক্ত করেন।

| Sl | Course Title | Duration (Weeks) |
|---|---|---|
| 01 | 'Graphics and Web Design'. | 02/04/08 |
| 02 | 'Data Entry and e-Marketing'. | 02/04/08 |
| 03 | 'SEO and Digital Marketing'. | 02/04/08 |
| 04 | Autocad & 3D Animation | 02/04/08 |
| 05 | Hardware maintenance, troubleshooting and Entrepreneurship Development. | 02/04/08 |
| 06 | Youth Leadership and Organizational Management. | 02/04/08 |
| 07 | Small Business, Entrepreneurship Development. | 02/04/08 |
| 08 | Communicative Language (English, Arabic, Chinese, Japanese, Korean, France). | 02/04/08 |
| 09 | Housekeeping & Hospitality Management | 02/04/08 |
| 10 | Catering & Hospitality Management | 02/04/08 |
| 11 | Tour Guide and Eco Tourism Management. | 02/04/08 |
| 12 | Reception and Customer Service | 02/04/08 |
| 13 | Salesmanship and Marketing | 02/04/08 |
| 14 | Fashion Design and Marketing | 02/04/08 |

| | | |
|---|---|---|
| 15 | Safe food Production & Food Preservation | 02/04/08 |
| 16 | Meat Processing and health Hygiene | 02/04/08 |
| 17 | Orchid & Ornamental Plant Cultivation | 02/04/08 |
| 18 | Hydroponic & Aquaponics | 02/04/08 |
| 19 | Diversified Jute Products and Handicrafts | 02/04/08 |
| 20 | Sericulture and Horticulture | 02/04/08 |
| 21 | Meat and Milk Processing | 02/04/08 |
| 22 | Occupational Therapy | 02/04/08 |
| 23 | Physio Therapy | 02/04/08 |
| 24 | Knitwear | 02/04/08 |
| 25 | Sewing | 02/04/08 |
| 26 | Dyeing | 02/04/08 |

**সিদ্ধান্ত :** বিস্তারিত আলোচনান্তে একাডেমিক কাউন্সিলের সম্মানিত সদস্যবৃন্দ সর্বসম্মতিক্রমে NSDA কর্তৃক প্রণীত Level এর সাথে সামঞ্জস্য রেখে স্বল্পমেয়াদী প্রশিক্ষণের বিষয়, মেয়াদ ও পাঠক্রম নির্ধারণ সংক্রান্তে সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপ কমিটি গঠন করার প্রস্তাব করেন।

| | | | | |
|---|---|---|---|---|
| ০১. | মোহাম্মদ এনামুল কবির<br>পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | - | সভাপতি |
| ০২. | ডাঃ মোঃ জহিরুল ইসলাম<br>উপ-সচিব | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা | - | সদস্য |
| ০৩. | জনাব মাসুদা আকন্দ<br>পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) | যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা | - | সদস্য |
| ০৪. | জনাব মোঃ কামরুজ্জামান পরিচালক<br>(দক্ষতামান ও পাঠ্যক্রম) | জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ | - | সদস্য |
| ০৫. | ড. মোঃ শহীদুল ইসলাম<br>সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | - | সদস্য |

০৩. **আলোচ্য বিষয়: ডিপ্লোমার বিষয় ও পাঠক্রম (কারিকুলাম) নির্ধারণ;**

একাডেমিক কাউন্সিলের সভাপতি মহোদয় ১ম সভার প্রস্তাবিত ০৫টি ডিপ্লোমা কোর্সের বিষয় সভায় তুলে ধরেন। সে প্রেক্ষিতে কমিটির সম্মানিত সদস্য জনাব মোঃ আবুল বাশার, পরিচালক, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা এবং অন্যান্য সম্মানিত সদস্যবৃন্দ জাতীয় ও আন্তর্জাতিক বাজারে কি ধরণের দক্ষ শ্রমিকের চাহিদা রয়েছে সে বিষয় মাথায় রেখে ডিপ্লোমার বিষয়, মেয়াদ ও পাঠক্রম নির্ধারণের পরামর্শ প্রদান করেন। সে ক্ষেত্রে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের চাহিদার সাথে সমন্বয় রেখে কোর্স ডিজাইন করার প্রস্তাব করেন। ইনস্টিটিউটের গুরুত্ব বিবেচনায় নিয়ে জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের সাথে সামঞ্জস্য রেখে ডিপ্লোমার বিষয় নির্ধারণ করা এবং প্রতিষ্ঠানের সক্ষমতা সাপেক্ষে কোর্স আয়োজনের পরামর্শ প্রদান করেন। যুগোপযোগী, ফলপ্রসূ এবং কর্মক্ষেত্রে প্রয়োগ করার সুযোগ রেখে কোর্সের বিষয়, মেয়াদ এবং পাঠক্রম নির্ধারণ করার নিমিত্ত সদস্যগণ সর্বসম্মতিক্রমে একটি বিশেষজ্ঞ কমিটি গঠনের পরামর্শ দেন।

| | |
|---|---|
| | **সিদ্ধান্ত :** কমিটির সদস্যগণের সর্বসম্মতিতে ডিপ্লোমা কোর্সের বিষয়, মেয়াদ এবং পাঠক্রম নির্ধারণের নিমিত্ত নিম্নরূপভাবে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়।<br>০১. প্রকৌ. ফরিদ উদ্দিন আহম্মেদ, পরিচালক (কারিকুলাম) — বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড - সভাপতি<br>০২. ডাঃ মোঃ জহিরুল ইসলাম, উপ-সচিব — যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা - সদস্য<br>০৩. জনাব মোঃ জাহাঙ্গীর আলম, পরিচালক(প্রশিক্ষণ/গবেষণা) — কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা - সদস্য<br>০৪. জনাব মোঃ কামরুজ্জামান, **পরিচালক (দক্ষতামান ও পাঠ্যক্রম)** — জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ - সদস্য<br>০৫. জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক — শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট - সদস্য |
| ০৪. | **আলোচ্য বিষয়: প্রভাষক পদে নিয়োগের নিমিত্ত বিষয় নির্ধারণ;**<br>একাডেমিক কাউন্সিলের সম্মানিত সভাপতি মহোদয় সকলকে অবহিত করেন যে, ইতোমধ্যে ইনস্টিটিউটে রাজস্বখাতে ৪৫টি পদ সৃজিত হয়েছে। তন্মধ্যে মহাপরিচালক ও রেজিস্ট্রার পদ ০২টি আইন দ্বারা পূরণযোগ্য। পরিচালক ০১টি ও উপপরিচালক ০২টিসহ মোট ০৩টি পদ প্রেষণের মাধ্যমে পূরণযোগ্য। অবশিষ্ট ৪০টি পদ সরাসরি নিয়োগের প্রক্রিয়াটি চলমান রয়েছে। ৪০টি পদের মধ্যে প্রভাষক ০৬টি ও ইন্সট্রাক্টর ১২টি পদে নিয়োগের ক্ষেত্রে কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এ কোন্ কোন্ বিষয় নিয়োগ করা হবে সে বিষয়টি উল্লেখ নাই। কমিটির সম্মানিত সদস্য জনাব মোঃ আবুল বাশার, পরিচালক, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা অত্র প্রতিষ্ঠানের সক্ষমতা বাড়ানোর বিষয়ে বিশেষ করে Heardware and Software সুবিধা নিশ্চিত করার পর জনবল নিয়োগের পরামর্শ দেন। এছাড়াও জনবল নিয়োগের ক্ষেত্রে ডিপ্লোমার বিষয়, মেয়াদ ও পাঠ্যক্রম নির্ধারণ হওয়ার পর সংশ্লিষ্ট বিষয়ে প্রভাষক ও ইন্সট্রাক্টর নিয়োগের পরামর্শ দেন।<br>**সিদ্ধান্ত :** ডিপ্লোমার বিষয়, মেয়াদ ও পাঠক্রম নির্ধারণ হওয়ার পর সর্বসম্মতিক্রমে প্রভাষক ও ইন্সট্রাক্টর পদে নিয়োগ করার বিষয়ে সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

সম্মানিত সভাপতি মহোদয় এ মর্মে অভিমত প্রকাশ করেন যে, কাউন্সিল সদস্যগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে আজকের সভাটি খুবই ফলপ্রসূ হয়েছে। এ জন্য তিনি সকলকে আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি সকলের সর্বাত্মক সহযোগিতায় ইনস্টিটিউটটি প্রত্যাশিত উচ্চতায় প্রতিষ্ঠিত হবে, এ আশাবাদ ব্যক্ত করে এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫/০৯/২০২২

মোঃ আব্দুল করিম এনডিসি
সভাপতি
একাডেমিক কাউন্সিল
ও
মহাপরিচালক
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।